চুয়াডাঙ্গা ও দর্শনায় পৃথক সড়ক দূর্ঘটনায় ২ জন নিহত, আহত-১৩

চুয়াডাঙ্গায় পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় ২ জন নিহত হয়েছেন, একই ঘটনায় আহত হয়েছেন ১০ জন। দূর্ঘটনা গুলি ঘটে শনিবার রাত সাড়ে ৮ টার দিকে জেলার আন্তঃজেলা বাসটার্মিনালের সামনে ও দর্শনা মা ও শিশু হাসপাতালের সামনে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়, শনিবার সন্ধ্যার একটু আগে চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়নের ভালাইপুর গ্রামের সিটি ইটভাটা থেকে কাজ শেষে ১০ জন ইটভাটা শ্রমিক তাদের নিজ নিজ বাড়ি সদর উপজেলার জালশুকা গ্রামে ফিরছিলেন।

পথিমধ্যে চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাসটার্মিনালের নিকটে পৌছলে পিছন দিক থেকে আসা দ্রুতগামী একটি ট্রাক তাদের বহনকারী আলমসাধুকে সজোরে ধাক্কা দিলে তারা সকলেই ঘটনাস্থলে রাস্তার উপরে ছিটকে পড়ে আহত হন। স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার জোহর আলীকে(৪২) মৃত ঘোষনা করেন, তিনি জালশুকা গ্রামের বাচাল আলীর ছেলে।

আহত অন্যরা হলেন, একই গ্রামের মৃত আফতাব আলীর ছেলে জব্বার আলী (৩৮), বাবুল আলীর ছেলে তৈয়ব আলী (৪০), নাসিরের মেয়ে সাবিনা ইয়াসমিন (১৪), আ.মজিদের ছেলে বাবলু (৩২), মৃত আইজদ্দিনের ছেলে আবুল কালাম আজাদ (৪৬),মৃত সুরত আলীর ছেলে সোবহান আলী (৫০), তোফান আলীর ছেলে আজম (৩৫), পাশ্ববর্তী বোয়ালিয়া গ্রামের লোকমানের স্ত্রী রহিমা খাতুন (৪৬) এবং কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার লক্ষীপুর গ্রামের মোবারক হোসেনের ছেলে জয়নাল আবেদিন (৩৫)।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ ফকরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,আহতদেরকে সু-চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ঘাতক ট্রাকটি তাৎক্ষনিক ভাবে আটক করতে না পারলেও ড্রাইভার হেলপারের পরিচয় সনাক্ত করা গেছে।

পৃথক অপর দূর্ঘটনাটি ঘটে শনিবার রাত সাড়ে আটটার দিকে দর্শনা বাসষ্ট্যন্ডের অদূরে মা ও শিশু জেনারেল হাসপাতালের সামনে। এসময় জেলার দামুড়হুদা থেকে দর্শনা অভিমুখে আসা সিএনজি থ্রি-হুইলার

রাস্তার উপরে ইঞ্জিন বিকল হয়ে দাড়িয়ে থাকা কেরু চিনিকলের আখ বোঝায় একটি ট্রাক্টরের সাথে পিছন থেকে ধাক্কা মেরে রাস্তার পাশে উল্টে যায়।

এ সময় সেটি দুমড়ে-মুছড়ে গেলে সামনের আসনে বসে থাকা দর্শনা পরানপুরের মৃত মোবারক মন্ডলের ছেলে কেরু চিনিকলের আবসর প্রাপ্ত ট্রাক ড্রাইভার ও দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের বড়ভাই নজির হোসেন (৬৮) ঘটনাস্থলেই মারা যান।

এই ঘটনায় আহত হয়েছেন ৪ জন, এরা হলেন, নিহত নজির হোসেনের স্ত্রী জাহানার বেগম (৫৫), সিএনজি চালক দর্শনা বাসস্ট্যান্ডের মিজানুর রহমানের ছেলে সুজন (২০), দর্শনা থানার নাস্তিপুর গ্রামের এরশাদ আলীর স্ত্রী নাজিরা খাতুন (২৮) ও দর্শনা রামনগর গ্রামের চান মিয়ার স্ত্রী শাহানারা বেগম (৪২)।

ট্রাক্টর টির চালক ও হেলপার পালিয়ে গেছেন। দুটি ঘটনায় আহতদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়েছে।দর্শনা থানারওসি মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুরের রাজনগরে সড়ক দুর্ঘটনায় আহত -১

মেহেরপুর সদরের চুয়াডাঙ্গা মহাসড়কের রাজনগর নামক স্থানে কলা ও কপি বোঝায় পিকআপ উল্টে তামান্না নামের একজন আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলের ৪টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থল থেকে জানা যায়, সবজি বোঝাই একটি পিকআপ মেহেরপুর থেকে খুলনা যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, পিকআপের সামনের চাকা পাংচার হলে গাড়ির নিয়ন্ত্রণ হারায় চালক, এবং বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইক কে বাঁচাতে গিয়ে গাড়িটি উল্টে যায় রাস্তার পাশে।

দুর্ঘটনায় ইজিবাইকে থাকা তামান্না নামের এক যাত্রী আহত হলে

স্থানীয়রা তাকে উদ্ধার করে।

আহত তামান্না খাতুন মেহেরপুর একটি ক্লিনিকে নার্সের চাকরি করে বলে জানা যায়। সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের গহরপুর গ্রামের গোরিলার মেয়ে।

মেহেরপুর ফায়ার সার্ভিসে খবর দিলে উদ্ধারকর্মীরা তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে।

পিকআপের পিকআপ টার ক্ষতি হলেও ড্রাইভার ও হেলপার এর কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র নিহত

চিৎলা মোড়ে অবৈধ ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র আলিফ হোসেন নামের এক শিশুর মৃৃত্যু ঘটেছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের চিৎলা মোড় জামে মসজিদ ও কবরস্থান সংলগ্ন চিৎলা দারুল আরকাম নূরানী মাদরাসা ছাত্র আলিফ হোসেন (৭) মাদরাসা থেকে সকাল সাড়ে ১০ টার দিকে বার হয়ে চিৎলা মেড়ে চায়ের দোকানে কলা- পাউরুটি কিনতে আসেন।

মাদরাসা ছাত্র আলিফ দোকান থেকে কলা – পাউরুটি কিনে মেইন রাস্তা পারাপারের সময় কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা অবৈধ ইজিবাইক যাত্রী নিয়ে দামুড়হুদার দিকে আসার পথে আলিফ ইজিবাইকের সামনে পড়ে ধ্বাক্কা খেয়ে ছিটকে পড়ে। গাড়িটিও তার গায়ের উপরে পড়লে গাড়ির চাকার একটা লোহার রডে তার মাথায় আঘাত লাগলে ঘটনাস্থলেই মাদরাসা ছাত্র আলিফ হোসেনের মৃত্যু ঘটে।

আলিফ হোসেন চিৎলা নতুন পাড়া গ্রামের দিনমজুর জিয়ার আলির ছেলে ও চিৎলা দারুল আরকাম নুরানী মাদ্রাসার শিশু শ্রেণীর ছাত্র । ঘাতক ইজিবাইক চালক পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল সাড়ে ১০ টার দিকে আলিফ হোসেন চিৎলা’র মোড় থেকে মাদ্রাসায় যাওয়ার পথে দামুড়হুদা কার্পাসডাঙ্গা সড়কের চিৎলার মোড় নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় দ্রুত গতিতে অবৈধ ইজিবাইক তাকে ধাক্কা দিলে রোডের উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই আলিফ মারা যায়।

মাদ্ররাসা ছাত্র আলিফ যখন ইজিবাইকের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে মারা যান, সেসময় মাদ্ররাসা কাউকেই দেখা যায়নি বরং মাদ্ররাসার যে সকল ছাত্র’রা উপস্থিত ছিলেন সেসকল ছাত্রদের কে মাদ্ররাসা থেকে গাড়িতে তুলে বাড়ি পাঠিয়ে দেন। এবং পরবর্তীতে মাদ্ররাসা বন্ধ দেখা যায়। দামুড়হুদা মডেল থানা পুলিশ ঘাতক ইজিবাইক টি আটক করে নিয়ে গেছেন।

এ বিষয়ে চিৎলা দারুল আরকাম নূরানী মাদ্ররাসা পরিচালক মুফতি রুহুল আমিনের সাথে মুঠোফোনে উপরোক্ত বিষয় জানতে চাইলে মুঠোফোন বন্ধ পাওয়াই বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনান্থলে পৌঁছালেও ইজিবাইক চালক সটকে পড়ায় তাকে আটক করা সম্ভব হয়নি।

নিহতের পরিবারের পক্ষ থেকে এ বিষয়ে কোন অভিযোগ করা হয়নি। তবে ইজিবাইকটি আটক করে থানায় আনা হয়েছে।

কালীগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় কাভার্ডভ্যানের ধাক্কায় ইকবাল হোসেন (৩৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

গতকাল বুধবার দুপুরে যশোর-ঝিনাইদহ মহাসড়কের বারোবাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহা: মাহফুজুর রহমান জানান, ইকবাল মোটরসাইকেল নিয়ে যশোরে যাচ্ছিলেন। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মুরগি বোঝায় কাভার্ডভ্যান তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রাস্তার পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলেই ইকবাল মারা যান। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে, ঝিনাইদহ সদর উপজেলার গান্না বাজার এলাকায় সড়ক দুর্ঘটনায় ইমদাদুল হক (৩২) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইমদাদুল হক কালীগঞ্জ উপজেলার মথুরাপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে। সে চুয়াডাঙ্গায় ব্যাংক এশিয়ার মার্কেটিং অফিসার পদে কর্মরত ছিলেন।

কালীগঞ্জ থানার এসআই আবুল খায়ের জানান, গতকাল বুধবার বিকেল ৩ টার দিকে চুয়াডাঙ্গা থেকে মোটরসাইকেলে করে নিজ বাড়ি মথুরাপুরে ফিরছিলেন ইমদাদুল হক। পথমধ্যে সদর উপজেলার গান্না বাজার এলাকায় পৌঁছালে একটি ভ্যানের সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যান।

এরপর কালীগঞ্জগামী একটি সবজি বোঝায় ট্রাক তার কোমরের উপর দিয়ে চলে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কুষ্টিয়ায় ট্রাকচাপায় প্রাণ গেলো চালকল শ্রমিকের

কুষ্টিয়ার দৌলতপুরে ট্রাক চাপায় হানিফ আলী (৩৩) নামে এক চালকল শ্রমিকের মৃত্যু হয়েছে।
বৃহস্পতিবার সকালে উপজেলার আল্লারদর্গা-সোনাইকুন্ডি সড়কের হিসনা নদীর ব্রীজের ওপর এ দুর্ঘটনা ঘটে।

নিহত শ্রমিক হানিফ আলী দৌলতপুর উপজেলার মসলমপুর লক্ষীখোলা গ্রামের বজলুর রহমানের ছেলে। সে আল্লারদর্গা বায়োজীদ এগ্রোফুড

চালকল মিলের শ্রমিক হিসেবে কাজ করতেন।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান, হানিফ বাইসাকেল যোগে আল্লারদর্গা বায়োজীদ এগ্রোফুড চালকল মিলে কাজে যাচ্ছিলেন। এসময় আল্লারদর্গা-সোনাইকুন্ডি সড়কের হিসনা নদীর ব্রিজের ওপর পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী একটি বালি ভর্তি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই হানিফ নিহত হন।নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। এ ঘটনায় ঘাতক ট্রাকচালককে আটক করা সম্ভব হয়নি।

গাংনীতে ইট বহনকারী দ্রতগতির ট্রলি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা, আহত ২

গাংনীতে দোয়েল ইট ভাটার ইট বহনকারী দ্রতগতির ট্রলি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে চালকসহ দুইজন আহত হয়েছেন।

আহতরা হলেন ধানখোলা গ্ৰামের শাকিরুলের ছেলে বিক্রম (২২) ও সাহারুলের ছেলে মাইদুল ইসলাম (২০)। আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন স্থানীয় লোকজন।

মংগলবার বিকেলে গাংনী উপজেলার ভাটপাড়া ইকো পার্কের সামনে এঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,ইট বোঝাই দোয়েল ভাটার একটি ট্রলি ইট নিয়ে নপাড়া আনলোড করে দ্রত গতিতে গাংনীর দিকে যাচ্ছিল। ট্রলি টি ভাটপাড়া ইকো পার্কের সামনে আসলে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে চালকসহ দুইজন আহত হন। এসময় ট্রলি টি দুমড়ে মুচড়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান বলেছেন, দুর্ঘটনার কথা শুনে ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় একজনের মৃত্যু

মুজিবনগরে মটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা খেয়ে বিশা(৩২) নামের একজন কাচামাল ব্যাবসায়ীর মৃত্যু হয়েছে।

সাথে তার পিছনে বসে থাকা মাগুরা জেলার তার ব্যাবসায়ীক পার্টনার গুরুতর আহত হয়েছে বলে জানা গেছে।

তবে এ রিপোর্ট লেখা প্রযন্ত আহত ব্যাক্তির নাম জানা সম্ভব হয়নি।

বুধবার বিকাল সাড়ে তিনটার দিকে মুজিবনগর উপজেলার রশিকপুর ভবানিপুর সড়কে এ দূর্ঘটনা ঘটে।

নিহত বিশা রশিকপুর গ্রামের মৃত, তছেন খার ছেলে।

জানা গেছে বিশা খা ও তার পার্টনার একসাথে কাচামালের ব্যাবসা করতো।

ব্যাবসায়ীক কাজে তার পার্টনার রশিকপুরে আসে। কাজ শেষে বাসায় যাওয়ার পথে এ দূর্ঘটনা ঘটে।

ঘটনা শোনার পর মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

কালীগঞ্জে যাত্রীবাহী বাস খাদে পড়ে নিহত ১, আহত ৪

কালীগঞ্জ- দর্শনা সড়কের কালীগঞ্জ উপজেলার লাউতলা নামক স্থানে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে বাসের হেলপার নিহত ও

আরও ৪ জন আহত হয়েছেন। নিহতের নাম মিরাজ (২০)। তার বাড়ি কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামে গ্রামে।

বৃহস্পতিবার (১০ ডিসেম্বর) সকাল ৮ টার দিকে এই ঘটনা ঘটে। ঘটনার পর স্থানীয় এলাকাবাসী, ফায়ার সার্ভিসের কর্মীসহ পুলিশ সদস্যরা এসে উদ্ধার তৎপরতা চালায়। হতাহতরা সবাই বাসের যাত্রী।

ফায়ার সার্ভিস ও স্থানীয়রা জানান, সকাল আটটার দিকে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুর যাওয়ার পথে শাপলা পরিবহনের একটি যাত্রীবাহী বাস (যশোর- জ- ১১-০০২২) কুয়াশার কারনে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এসময় বাসের হেলপার নিহত এবং ৪ যাত্রী আহত হন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মকর্তা শেখ মামুনুর রশিদ জানান, দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় জনতা, ফায়ার সার্ভিস ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে একজনের লাশ উদ্ধার করেন। আহতদের নাম পরিচয় জানা যায়নি। দুর্ঘটনা কবলিত বাসটি উদ্ধারে চেষ্টা চালাচ্ছে পুলিশ।

দামুড়হুদায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে গরু ব্যাবসায়ী মৃত্যু

দামুড়হুদায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ছাবের আলী মোল্লা (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

সোমবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলার ডুগডুগি গরুর হাটের কাছে ওই দুর্ঘটনাটি ঘটে। মৃত ছাবের আলী মোল্লা চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কেষ্টপুর গ্রামের লিয়াকত আলী মোল্লার ছেলে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, সোমবার সকালে গরু ক্রয়ের জন্য ব্যাটারি চালিত আটোরিকশা যোগে ডুগডুগি পশু হাটে যান ছাবের আলী মোল্লা। পশু হাটে পৌঁছালে অটোরিকশা থেকে নামার সময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক অটোতে ধাক্কা দেয়। এতে তিনি ছিটকে পড়ে

ট্রাকের পিছনের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলে তিনি নিহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।

চুয়াডাঙ্গায় সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা: মাহবুবুর রহমান বলেন, হাসপাতালে নেয়ার আগেই ছাবের আলী মোল্লা মারা যায়।

দামুড়হুদা মডেল থানা ওসি আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কুমারখালীতে ট্রাকচাপায় শ্রমিক নেতা নিহত

কুষ্টিয়ার কুমারখালীতে সড়ক দুর্ঘটনায় জামাল হোসেন (৫০) নামে এক শ্রমিক নেতা নিহত হয়েছেন।

বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের কুমারখালী তরুণ মোড়ে এ দূর্ঘটনা ঘটে।

নিহত জামাল হোসেন উপজেলার এলঙ্গীপাড়া গ্রামের মৃত হানিফ বাঙালের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যায় শ্রমিক ইউনিয়নের কুমারখালী শাখার সাধারণ সম্পাদক জামাল হোসেন শ্রমিক অফিস থেকে বের হয়ে রোড পার হতে গেলে এসময় ঢাকাগামী একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মজিবুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, নিহতের লাশ উদ্ধার করা হয়েছে। ড্রাইভারকে আটক এবং ট্রাক জব্দ করা হয়েছে।